গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাটা সেন্টার নির্দেশিকা ২০২০

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

সূচিপত্র:

পটভূমি

বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের মাধ্যমে তথ্য-প্রযুক্তি ব্যবহার করে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দেওয়ার অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০ এর ১৬ (৬)-এ সকল স্তরে কার্যকর, জবাবদিহিতামূলক ও স্বচ্ছ প্রতিষ্ঠানের বিকাশের মাধ্যমে সরকারি সেবার নাগরিক সন্তুষ্টির বিষয়টি বিধৃত হয়েছে। ২০২১ সালে দেশকে একটি সুখী, সমৃদ্ধশালী মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে সরকারি দপ্তরসমূহ নিরিলসভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশ সরকার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতের প্রবৃদ্ধিতে প্রতিশ্রুতিবদ্ধ এবং এ খাতের উন্নয়নে ইতিমধ্যেই সরকার নানা উদ্যোগ গ্রহণ করেছে। এর মধ্যে জাতীয় ডাটা সেন্টার অত্যন্ত কার্যকরী উদ্যোগ। ডিজিটাল প্রযুক্তির অগ্রগতি টেকসই করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের তত্ত্বাবধানে জাতীয় ডাটা সেন্টার প্রতিষ্ঠা করেছে।

ডাটা সেন্টার কেন্দ্রিয়ভাবে নিয়ন্ত্রিত কম্পিউটার ও গুরুত্বপূর্ণ টেলিযোগাযোগ ব্যবস্থার সমষ্টি একটা ইনফাস্ট্রাকচার বা কাঠামো, যেখানে সার্ভার, স্টোরেজ ব্যবস্থা, ডাটাবেস, যন্ত্রাংশ, এক্সেস নেটওয়ার্ক, সফটওয়ার এবং আপ্লিকেশন যুক্ত থাকে। এছাড়াও এতে সকল ডাটার ব্যাকআপ, বিদ্যুৎ সরবরাহ, তথ্য আদান প্রদানে প্রয়োজনীয় সংযোগ, পরিবেশ নিয়ন্ত্রণ যেমন শীতাতপ নিয়ন্ত্রণ ও অগ্নি নির্বাপন এবং অনান্য নিরাপত্তা যন্ত্রাংশ থাকে। ডাটা সেন্টার তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা যেমন: ক্লাউড সেবা, হোস্টিং সেবা, অধিক সংখ্যক সেবা গ্রহীতার সংযুক্তি, অধিক ভার্চুয়ালইজেশনসহ অনলাইনভিত্তিক কার্যক্রম বাধাহীনভাবে চলতে সহায়তা করে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সম্প্রসারণ এবং বিপুল পরিমাণ ডাটার উৎপাদন, সংরক্ষণ ও নিরাপত্তাসংক্রান্ত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে এ 'ডাটা সেন্টার নির্দেশিকা ২০১৯' প্রণয়ন করা হয়েছে। এ নির্দেশিকার উদ্দেশ্য হচ্ছে সরকারি প্রতিষ্ঠান বা সংস্থার ডাটা নিরপেক্ষভাবে সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ, নিরপেক্ষভাবে ডাটা সংরক্ষণের ক্ষেত্রে আন্তর্জাতিক স্বীকৃত মান অনুসরণ, বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নভাবে ডাটা সংরক্ষণ না করে কেন্দ্রিয়ভাবে সুনির্দিষ্ট মানদন্ড অনুসরণক্রমে ডাটা সংরক্ষণ, ডাটা সংরক্ষণের জন্য যথাযথ মানদন্ড অনুযায়ী যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা, ডাটা সেন্টারের শ্রেণিবিন্যাস অনুযায়ী আন্তর্জাতিক মানদন্ড অনুসরণপূর্বক ডিজাইন, নকশা ও আনুসাঙ্গিক বিষয়াদির ব্যবহার নিশ্চিত করা এবং দুর্যোগোত্তর তথ্য পুনরুদ্ধারের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা।

দ্রুত পরিবর্তনশীল প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে ডাটা সেন্টার স্থাপন ও পরিচালনায় এ নির্দেশিকাটি সহায়তা করবে।

১. ডাটা সেন্টার (Data Center)

ডাটা সেন্টার হলো ডাটা সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণের জন্য কেন্দ্রীয়ভাবে স্থাপিত একটি গুরুত্বপূর্ণ স্থাপনা যেখানে সার্ভার, স্টোরেজ ব্যবস্থা, ডাটাবেস, এক্সেস নেটওয়ার্ক, সফটওয়্যার এবং অ্যাপ্লিকেশন সংযুক্ত থাকে। এছাড়াও এতে ব্যাকআপ উপাদান ও বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, তথ্য আদান প্রদানে প্রয়োজনীয় সংযোগ, পরিবেশ নিয়ন্ত্রণ যেমন শীতাতপ নিয়ন্ত্রণ ও অগ্নি নির্বাপন ব্যবস্থা এবং অনান্য নিরাপত্তা যন্ত্রাংশ থাকে।

২. ডাটা সেন্টার নির্দেশিকার উদ্দেশ্য (Purpose of a Data Center Guidlines)

২.১ কোনো প্রতিষ্ঠান বা সংস্থার ডাটা নিরপেক্ষভাবে সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ নিশ্চিতকরণ;

২.২ ডাটা সংরক্ষণের ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রমিত মান অনুসরণ করা;

২.৩ ডাটা সংরক্ষণের জন্য যথাযথ মানদন্ড অনুযায়ী যন্ত্রপাতির ব্যবহার নিশ্চিত করা;

২.৪ ডাটা সেন্টারের শ্রেণি বিন্যাস অনুযায়ী আন্তর্জাতিক মানদন্ড অনুসরণপূর্বক ডিজাইন, নকশা ও আনুসাঙ্গিক বিষয়াদির ব্যবহার নিশ্চিত করা;

২.৫ দূর্যোগোত্তর তথ্য পুনরুদ্ধারের ক্ষেত্রে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা; এবং

২.৬ বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নভাবে ডাটা সংরক্ষণ না করে কেন্দ্রীয়ভাবে সুনির্দিষ্ট মানদন্ড অনুসরণক্রমে তথ্য সংরক্ষণ করা।

৩. ডাটা সেন্টারের ধরণ (Types of Data Center)

তথ্যের প্রাপ্যতার উপর ভিত্তি করে ডাটা সেন্টারকে ৪ শ্রেণিতে (Tier) ভাগ করা হয়েছে। এক্ষেত্রে শীতলীকরণ, বিদ্যুৎ সরবরাহ, নেটওয়ার্ক যোগাযোগ, সার্বক্ষণিক তদারকিকরণ বিবেচনায় নেয়া হয়। নিচের টেবিলে ডাটা সেন্টারের ধরনগুলিকে Uptime ইনিস্টিটিউট দ্বারা সংজ্ঞায়িত করে;

Tier Requirement	Tier I	Tier II	Tier III	Tier IV
Distribution Path Power and Cooling	1	1	1 active / 1 alternate	2 active
Redundancy active Component	N	N	N+1	2(N+1)
Redundancy backbone	No	No	Yes	Yes
Redundancy horizontal cabling	No	No	No	Optional
Raised Floor	12”	18”	30”-36”	30”-36”
UPS / Generator	Optional	Yes	Yes	Dual
Concurrently Maintainable	No	No	Yes	Yes
Fault Tolerant	No	No	No	Yes
Availability	**99.671%**	**99.749%**	**99.982%**	**99.995%**

N: needed Source: Uptime Institute

৪. মানদন্ড ও প্রত্যয়ন (Standards and Certifications)

৪.১. ডাটা সেন্টারের অবকাঠামোর মানদন্ড (Data Center Infrastructure Standards)

৪.১.১. **Uptime ইনিস্টিটিউটঃ** ডাটা সেন্টারগুলির সঠিক নকশা, নির্মাণ ও কার্যক্রমের জন্য এটি ডাটা সেন্টারের নকশা, নির্মান ও পরিচালনার (Operation) জন্য বিশ্বব্যাপী গৃহীত মানদন্ড:

- **নকশার স্তর প্রত্যয়ন (**Tier Certification of Design Documents**):** ডাটা সেন্টারের স্তর কাঠামো বিন্যাসের প্রথম পদক্ষেপ হল সংস্থার ব্যবহারিক প্রয়োজন অনুযায়ী নকশা প্রস্তুত করা; এবং
- **নির্মিত সেবার স্তর প্রত্যয়ন (**Tier Certification of Constructed Facility**):** প্রক্রিয়ার সর্বশেষ ধাপ হলো নির্মিত ডাটা সেন্টারটি এর প্রত্যয়িত স্তরের মান অনুযায়ী পরিষেবা দিতে পারে তা নিশ্চিত করা।

৪.১.২. **TIA-942**: টেলিযোগাযোগ শিল্প সমিতি (টিআইএ) TIA -942 মানদন্ড নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত করে:

- স্থাপনার আকার এবং বিন্যাস;
- তারের অবকাঠামো (Cabling Infrastructure);
- প্রাপ্যতার নির্ভরযোগ্যতা; এবং
- পরিবেশগত বিবেচনা।

TIA-942-A মানদন্ড তারের অবকাঠামোর সর্বনিম্ন প্রয়োজনীয়তা নির্দিষ্ট করে। নিম্নবর্ণিত স্তর অনুসারে ক্যাবলিং সিস্টেম নির্ধারন করা হয়:

- **প্রথম স্তরঃ (**TIER-I**)** ব্যাকবোন ক্যাবলিং, আনুভূমিক ক্যাবলিং এবং সক্রিয় নেটওয়ার্ক উপাদানগুলি বাড়তি থাকে না। এখানে একটি সহজ তারকা (Star) টোপোলজি ব্যবহৃত হয়। নেটওয়ার্ক কার্যক্রম এতে বাধাগ্রস্ত হতে পারে বিধায়, তথ্য অখন্ডতা নিশ্চিত করা আবশ্যক।
- **দ্বিতীয় স্তরঃ (**TIER- II) ব্যাকবোন এবং অনুভূমিক ক্যাবলিং বাড়তি থাকে না, তবে নেটওয়ার্ক উপাদান এবং তাদের সংযোগগুলি একাধিক হয়। এখানেও একটি তারকা টোপোলজি (Star Topology) ব্যবহৃত হয়; নেটওয়ার্ক কার্যক্রম শুধুমাত্র নির্ধারিত সময়ে বন্ধ করা যেতে পারে;
- **তৃতীয় স্তরঃ** (TIER-III) উভয় ব্যাকবোন ক্যাবলিং এবং সক্রিয় নেটওয়ার্ক উপাদানগুলি এই তারকা টোপোলজিতে বাড়তি (reduntant) থাকে কারণ নেটওয়ার্ক কার্যক্রম অবশ্যই নিরবিচ্ছিন্ন রাখা উচিত; এবং
- **চতুর্থ স্তরঃ** (TIER-IV) ব্যাকবোন ক্যাবলিং এবং সমস্ত সক্রিয় উপাদান যেমন সার্ভার, সুইচ ইত্যাদি অতিরিক্ত থাকতে হবে, 2 x (N + N), সেইসাথে অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং জরুরী বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা থাকতে হবে। এই স্তরে (Tier) কোনো SPoF (Single Point of Failur) নেই।

৪.১.৩. **ASHRAE:** আমেরিকান সোসাইটি অফ হিটিং, রেফ্রিজারেটিং অ্যান্ড এয়ার কন্ডিশনার ইঞ্জিনিয়ার্স (ASHRAE) হল তাপ, বায়ু চলাচল, শীতাতপ নিয়ন্ত্রণ এবং হিমায়ন (HVAC&R) পদ্ধতি নকশা ও নির্মাণের তদারকির জন্য একটি বিশ্বব্যাপী পেশাদার সংস্থা। ASHRAE HVAC পদ্ধতির সাথে সম্পর্কিত মান এবং নির্দেশিকা প্রকাশ করে, যা ডাটা সেন্টারে ব্যবহার করার জন্য সুপারিশ করা হচ্ছে।

৪.১.৪. **LEED:** Leadership in Energy and Environmental Design হল বিশ্বব্যাপী ব্যবহৃত সবচেয়ে জনপ্রিয় পরিবেশবান্ধব ভবন প্রত্যয়ন কার্যক্রমগুলির মধ্যে একটি। এটি অলাভজনক মার্কিন গ্রীন বিল্ডিং কাউন্সিল (USGBC) দ্বারা প্রকাশিত, যার লক্ষ্য হল পরিবেশবান্ধব ভবন নকশা, নির্মাণ, পরিচালন ও রক্ষণাবেক্ষণে ভবনের মালিক ও পরিচালকদের পরিবেশগতভাবে দায়বদ্ধ করা এবং দক্ষতার সাথে সম্পদগুলি ব্যবহার করতে তাদের সহয়তা করা। ডাটা সেন্টার স্থাপনা নির্মাণের ক্ষেত্রে এই মানদন্ড অনুসরন করা যেতে পারে।

৪.২. তথ্য নিরাপত্তা সংক্রান্ত মানদন্ডসমুহ (Information Security Related Standards)

৪.২.১. **BDS/IEC 27001:** এই মানদন্ডটি একটি প্রতিষ্ঠানের তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা প্রক্রিয়া (ISMS) সম্পর্কিত মৌলিক প্রয়োজনীয়তা বর্ণনা করে। এই মানটি প্রাথমিকভাবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদ এবং তথ্য প্রযুক্তি নিরাপত্তা ব্যবস্থাপকদের, এবং দ্বিতীয়তঃ বাস্তবায়ন ব্যবস্থাপকদের, প্রযুক্তিবিদ এবং প্রশাসকদের উদ্দেশ্য করে লেখা। ISMS বাস্তবায়ন অভ্যন্তরীণ ও বহিরাগত নিরীক্ষক দ্বারা নিরীক্ষা করা সম্ভব। ডাটা সেন্টারের তথ্য নিরাপত্তার জন্য এই মানদন্ড অনুসরণ করা যেতে পারে।

৪.২.২. **BDS/IEC 27002:** এটি তথ্য নিরাপত্তা পরিচালনার একটি নির্দেশিকা। মূলত, যেখানে তথ্য সুরক্ষা প্রয়োজন হবে সেখানে এই মান প্রয়োগ করা উচিত। এই মান আইটি নিরাপত্তা ব্যবস্থাপকদের উদ্দেশ্যে তথ্য নিরাপত্তার জন্য প্রণীত।

৪.২.৩. **BDS/IEC 27006:** তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনা পদ্ধতির নিরীক্ষা মানদন্ড এতে বর্ণীত হয়েছে। (বিসিসি কর্তৃক প্রণয়ণকৃত ISO 27001 Audit Check List 'পরিশিষ্ট-ক' তে অন্তর্ভুক্ত আছে)।

৪.২.৪. **PCI-DSS:** ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠানসমুহের তথ্য সুরক্ষার জন্য সর্বজনীন মানদন্ড হল PCI-DSS। ব্যাংকিং এবং আর্থিক সিস্টেম ও তথ্য জড়িত থাকলে ডাটা সেন্টারে PCI DSS প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

৪.২.৫. **BDS/IEC 27033:** তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক নিরাপত্তাকে লক্ষ্য করে এই মানদন্ডটি প্রণয়ন করা হয়েছে। এতে তথ্য প্রযুক্তি নেটওয়ার্কের কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং এর বহির্মুখী সংযোগে নিরাপত্তার বিষয়াবলি আলোচিত হয়েছে।

৪.২.৬. **BDS/IEC 27017:** ক্লাউড কম্পিউটিংএ সংরক্ষিত তথ্যাদির নিরাপত্তা নিশ্চিত করতে এই মানদন্ডটি ব্যবহৃত হয়।

৪.৩. দুর্যোগ পরবর্তী তথ্য পুনোরুদ্ধারের মানদন্ড (Disaster Recovery Standard)

৪.৩.১. **BDS/IEC 24762:** এই মানদন্ড তথ্য এবং যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে দুর্যোগ পরবর্তী তথ্য পুনরুদ্ধার (ICT DR) সেবা বিষয়ক নির্দেশনা প্রদান করে এবং এটি বাস্তবায়নে আবশ্যকীয় ও সর্বোত্তম অনুশীলনসমুহ অন্তর্ভুক্ত করে, উদাহরণস্বরূপ জরুরিভিত্তিতে কম্পিউটার এবং বিকল্প প্রক্রিয়াকরণ স্থাপনাসমুহের প্রাপ্যতা।

৪.৪. নিরবচ্ছিন্ন তথ্য প্রযুক্তি সেবা ব্যবস্থাপনার মানদন্ড (Information Technology Continuity Management Standard)

৪.৪.১. **BDS/IEC 22301:** এটি এমন একটি ব্যবস্থাপনা পদ্ধতির বর্ণনা করে যা তথ্য প্রযুক্তি পরিষেবার নিরবিচ্ছিন্নতা প্রতিষ্ঠা করবে এবং বজায় রাখবে।

৪.৫. ঝুঁকি ব্যবস্থাপনার মানদন্ড (Risk Management Standard)

৪.৫.১. **BDS/IEC 27005:** এই মানদন্ডটি একটি নিয়মতান্ত্রিক, প্রক্রিয়া ভিত্তিক ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে নির্দেশনা দেয় এবং BDS/IEC 27001 মানদন্ড অনুযায়ী ঝুঁকি ব্যবস্থাপনার আবশ্যক চাহিদাগুলিকে সমর্থন করে।

৪.৬. সংস্থার প্রশাসনের জন্য তথ্য প্রযুক্তির মানদন্ড (Organization Governance in Information Technology Standards)

৪.৬.১.**BDS/IEC 38500:** এই মানদন্ডে সংস্থার প্রশাসন সংক্রান্ত তথ্য প্রযুক্তির নিম্নে উল্লিখিত ছয়টি মুলনীতি বর্ণিত হয়েছেঃ

- দায়িত্ব (Responsibility): সংস্থার পরিচালনা পর্ষদ দ্বারা তথ্য প্রযুক্তির যে কোনো বিষয়ে যথেষ্ট গুরুত্ব প্রদান;
- কৌশল (Strategy) : সংস্থার পরিচালন নীতিমালায় তথ্য প্রযুক্তি তথা ডাটা সেন্টার সংক্রান্ত কৌশল অন্তভুক্ত করা। পরিকল্পনা এবং তথ্য প্রযুক্তি কৌশল সংগঠন নীতির নীতিমালায় তথ্য প্রযুক্তির সম্ভাব্যতা এবং কৌশল অন্তর্ভুক্তি;
- অধিগ্রহণ (Acquisition): স্বচ্ছ সিদ্ধান্ত গ্রহণের উপর ভিত্তি করে যথাযথ চাহিদা ভিত্তিক তথ্য প্রযুক্তি বাজেট পরিকল্পনা;
- প্রতিপাদন (Performance): সংস্থার বিভিন্ন বিভাগীয় প্রয়োজনীয়তার সঙ্গে তথ্য প্রযুক্তি সেবাকে পূণর্বিন্যাসকরণ;
- সাদৃশ্য (Conformance): তথ্য প্রযুক্তি ব্যবস্থাকে প্রযোজ্য আইন, বিধান এবং সংস্থার অভ্যন্তরীণ ও বাহ্যিক মানদন্ডের সঙ্গে অনুবর্তি করা; এবং

- মানব আচরণ (Human Behavior): সংস্থার অভ্যন্তরীণ ও বাহ্যিক তথ্য প্রযুক্তি ব্যবহারকারীর চাহিদা বিবেচনা করা।

এই মানদণ্ডটি উপরোক্ত মূলনীতিগুলোর উপর নির্ভর করে তিনটি কাজ আরোপ করেঃ

- মুল্যায়ন (Evaluation): তথ্য প্রযুক্তি কর্মক্ষমতার ধারাবাহিক মুল্যায়ন;
- নিয়ন্ত্রণ (Control): ব্যবসায়িক লক্ষ্যে তথ্য প্রযুক্তির ব্যবহার নিয়ন্ত্রণ; এবং
- পরিবীক্ষন (Monitoring): তথ্য প্রযুক্তির ব্যবহার যথাযথভাবে প্রতিপালন এবং পদ্ধতিগত উৎপাদনশীলতা পর্যবেক্ষণ।

৪.৬.২. **COBIT:** প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ও তথ্য প্রযুক্তি বিভাগকে তথ্য প্রযুক্তি প্রশাসন সম্পর্কিত দায়িত্ব সম্পাদনে সাহায্য করার জন্য, ISACA অ্যাসোসিয়েশনের (ইনফরমেশন সিস্টেম অডিট অ্যান্ড কন্ট্রোল এসোসিয়েশন) COBIT তৈরি করেছে, যেখানে তথ্য প্রযুক্তির সকল দিকের একটি সমন্বিত কাঠামো পরিকল্পনা, বাস্তবায়ন এবং হস্তান্তর বিস্তারিতভাবে বিবৃত করা হয়েছে।

৪.৭. তথ্য প্রযুক্তি পরিষেবা ব্যবস্থাপনার মানদণ্ড (Information Technology Service Management Standards)

৪.৭.১ ITIL এবং BDS 20000: এটি তথ্য প্রযুক্তি পরিষেবা পরিচালনার (ITSM) জন্য সেরা পদ্ধতিগুলোর একটি প্রাসঙ্গিক মডেল। ITIL মূলত 'আইটি ইনফ্রাস্ট্রাকচার লাইব্রেরি' থেকে উদ্ভুত, যদিও বর্তমান তৃতীয় সংস্করণটি বৃহত্তর কলেবরে তৈরি। ITIL এর উদ্দেশ্য হল পদ্ধতি, পরিষেবা এবং গ্রাহকদের চাহিদাগুলি অন্তর্ভুক্ত করার জন্য তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোতে প্রযুক্তির বাইরেও সুযোগ সৃষ্টি করা। ITILv3 সংস্করণটি সংগঠন কৌশল সহ তথ্য প্রযুক্তি পরিষেবা পরিচালনার জন্য কৌশলগত পরিকল্পনা প্রক্রিয়ার প্রণয়ন করেছে এবং এভাবে তথ্য প্রযুক্তি সেবা পরিচালনার মান BDS 20000 এর সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করেছে। এর ৩টি স্তর রয়েছে:

- ভিত্তি স্তর (Foundation);
- মধ্যবর্তী স্তর (Intermediate); এবং
- অগ্রণী স্তর (Advanced)।

ডাটা সেন্টারের আন্তর্জাতিক মানদণ্ড BDS/IEC 20000 অনুযায়ী এর কার্যক্রম পরিচালনার প্রত্যয়ন থাকতে পারে।

৪.৮. মান নিয়ন্ত্রণ ব্যবস্থাপনার মানদণ্ড (Quality Management Standard)

৪.৮.১. **BDS 9001:** ডাটা সেন্টারের মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় শর্তাদি এই মানদণ্ড বর্ণনা করে।

৪.৯. পরিবেশগত ব্যবস্থাপনার মানদণ্ড (Environmental Management Standard)

৪.৯.১. **BDS 14001:** পরিবেশগত মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় শর্তাদি এই মানদণ্ড বর্ণনা করে।

৫. পরিকল্পনা ও নকশা (Planning and Designing)

ক্লাউড কম্পিউটিং, ইন্টারনেটযুক্ত সামগ্রী (IoT) এবং বৃহত্তাকার তথ্যভান্ডার দ্বারা সৃষ্ট নতুন সংযোগ এবং প্রক্রিয়াকরণের চাহিদা পূরণের জন্য গতি, দক্ষতা, নমনীয়তা এবং কর্মক্ষমতা সম্প্রসারণ ইত্যাদি বিবেচনা করে পরিকল্পনা ও নকশা প্রনয়ণ করা প্রয়োজন।

৫.১. পরিকল্পনার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ (Planning Concerns)

একটি ডাটা সেন্টার স্থাপনা সংস্কার, সম্প্রসারণ বা স্থানান্তরের সুযোগ সুবিধা, কার্যক্ষমতা ও সক্ষমতার বিষয় বিবেচনা করে পরিকল্পনা গ্রহণ আবশ্যক ।

একটি সফল ডাটা সেন্টার স্থাপনার মূলমন্ত্র হলো, যা দীর্ঘমেয়াদে টেকসই, সরঞ্জাম এবং কার্যক্রমের জন্য একটি ধারক হিসাবে বিবেচিত, সেইসঙ্গে একটি সমন্বিত প্রক্রিয়া, যার প্রতিটি উপাদানের নমনীয়তা এবং কর্মক্ষমতা সম্প্রসারণযোগ্যতা বিবেচনা করা প্রয়োজন।

ডাটা সেন্টার পরিকল্পনার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ:

- নতুন সরঞ্জাম (New equipment);
- দৃঢ়করণ এবং সম্প্রসারণ (Consolidations and expansions);
- নতুন বিকল্প সৃষ্টির প্রয়োজনীয়তা (New redundancy requirements);
- ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা (Incremental power requirements);
- নিরাপত্তার নতুন শর্তাদি (New security requirements);
- ক্রমবর্ধমান শীতলীকরণের চাহিদা (Incremental cooling demands);
- অপ্রতুল মেঝের আকার (Constrained floor space);
- নিরাপত্তা ব্যবস্থা এবং সুরক্ষার নতুন প্রবিধান (New safety and security regulations);
- পরিচালনা পদ্ধতির পরিবর্তন (Changes in operational procedures);
- লক্ষ্যের পরিবর্তন (Changes in mission); এবং
- খরচের চাপ (Cost pressures)।

কর্ম পরিকল্পনাঃ অবস্থান, ভবন নির্বাচন, স্থান বিন্যাস এবং ভবনের নকশা সহ ডাটা সেন্টার স্থাপনার সকল দিকগুলি নমনীয় ও সম্প্রসারণযোগ্য হতে হবে।

৫.২. নকশার বিবেচ্য বিষয় (Design Concerns)

যেহেতু ডাটা সেন্টার সর্বদা পরিবর্তন এবং পরিবর্ধনশীল, তাই অত্যাধিক মূলধন ব্যয় এড়াতে একটি নমনীয় নকশা পদ্ধতির প্রয়োজন হয়। ভাল নকশা সাধারণত ক্ষতি রোধ করতে সহয়তা করে এবং অভিযোজনযোগ্য (Adaptable), মডুলার নকশার সাহায্যে বর্তমান ও ভবিষ্যতের লক্ষ্য বাজেটের মধ্যেই পুরণ করা সম্ভব।

৫.২.১. ঘনত্ব বনাম ধারণক্ষমতা (Density vs. Capacity)

এই বিষয়ে বহু প্রমাণ পাওয়া যাচ্ছে যে, ডাটা সেন্টারগুলি উচ্চ বিদ্যুৎ ক্ষমতার জন্য নকশা করা হচ্ছে, কারণ বর্তমানের কম্পিউটিং ও সংরক্ষক যন্ত্রাংশগুলির শক্তি সরবরাহ এবং শীতলীকরণের চাহিদা বৃদ্ধি পাওয়া। সরঞ্জামের প্রাথমিক ও দীর্ঘমেয়াদি বৈদ্যুতিক ক্ষমতার উপর নজর দেয়া উচিত। কম্পিউটার সরঞ্জামের জন্য বর্গ ফুট প্রতি ৭০ ওয়াট বৈদ্যুতিক ক্ষমতা সাধারণত প্রয়োজন হয়। তবে, শীতাতপ নিয়ন্ত্রণ, আর্দ্রতা, আলো, ও অবিচ্ছিন্ন শক্তি সরবরাহ (ইউপিএস) এর জন্য প্রয়োজনীয় অতিরিক্ত বিদ্যুৎ চাহিদা ট্রান্সফরমারের ক্ষতির কারণ হতে পারে। এই অতিরিক্ত চাহিদা সরঞ্জাম বসানো এবং বায়ু-পরিচালনা দক্ষতার উপর নির্ভর করে বিদ্যুৎ ব্যবহারে দেড় গুণ বেশি ওয়াটেজ যুক্ত করতে পারে।

কর্ম পরিকল্পনাঃ ডাটা সেন্টারে ঘনত্ব বনাম ধারণক্ষমতার দিকে নজর দেওয়া এবং উষ্ণ ও শীতল র‍্যাকের সারির (Rack aisle) মধ্যে যথেষ্ঠ দূরত্ব রাখা, এতে বায়ুপ্রবাহ বৃদ্ধির মাধ্যমে তাপ উৎপাদন হ্রাস পাবে।

৫.২.২. র‍্যাকের বিন্যাস (Rack Layout)

আধুনিক সার্ভার এবং সংরক্ষক যন্ত্রাংশগুলি একই র‍্যাকের মধ্যে রাখা যেতে পারে যার ফলে প্রতি র‍্যাকে বিদ্যুৎ চাহিদা ১৮ থেকে ২০ কিলোওয়াট হবে। উচ্চ ক্ষমতা সম্পন্ন সার্ভার এবং সংরক্ষক যন্ত্রাংশগুলি ঘনভাবে স্থাপনের প্রাথমিক সমস্যাটি হলো, এটি জায়গার ব্যাপারে কার্যকর হলেও, উচ্চ তাপমাত্রার কারণে অতিরিক্ত শীতলীকরণের প্রয়োজন হয় যা উল্লেখযোগ্যভাবে বৈদ্যুতিক খরচ বৃদ্ধি করে।



উপরের চিত্রে একটি র‍্যাকের বিন্যাসের আলোকে বিদ্যুৎ চাহিদাকে দেখানো হয়েছে। একটি ঘন-স্থাপন পদ্ধতির বিকল্প বিন্যাস হলো উচ্চ এবং নিম্ন ঘনত্বের মিশ্রণ। উপরের চিত্রের প্রথম সজ্জায়, র‍্যাকে উচ্চ-ঘনত্বের সার্ভারগুলিকে একত্রে রাখা হয়েছে, যেখানে প্রতি বর্গ ফুটে ১৬৬ ওয়াট বৈদ্যুতিক ক্ষমতা প্রয়োজন। দ্বিতীয় সজ্জায়, উচ্চ-এবং নিম্ন-ঘনত্বের র‍্যাকের মিশ্রণটিতে বর্গ ফুট প্রতি ৭০ ওয়াট বৈদ্যুতিক ক্ষমতার প্রয়োজন। র‍্যাকের পরিবর্ধিত অংশে প্রতি বর্গ ফুটে অতিরিক্ত ৩০ ওয়াট পর্যন্ত (বর্গ ফুট প্রতি ১০০ ওয়াটের অনুকূলতা অনুমান করে) বৈদ্যুতিক ক্ষমতা বৃদ্ধিতে সহয়তা করে। প্রথম সজ্জায়, বৈদ্যুতিক চাহিদা ইতিমধ্যে এই সীমারেখা অতিক্রম করে, যাতে অতিরিক্ত বৈদ্যুতিক এবং শীতলীকরণ ক্ষমতা যোগ ছাড়া পরিবর্ধন করা অসম্ভব।

কর্ম পরিকল্পনাঃ উচ্চশক্তির সার্ভারকে ঘনভাবে র‍্যাকে রাখা থেকে বিরত থাকতে হবে; উচ্চ ও নিম্ন ঘনত্বের র‍্যাকগুলোকে মিশিয়ে রাখা উচিত যাতে উচ্চ ক্ষমতার সার্ভারগুলি দ্বারা উৎপাদিত তাপের প্রভাব কমে আসে। সম্ভব হলে ঘন সজ্জার পরিবর্তে ছড়িয়ে রাখা ভালো ।

৫.২.৩. র‍্যাকের সারি (Rack Units)

সাধারণত, স্থাপনা পরিকল্পনাকারীরা ডাটা সেন্টারের ক্ষমতা পরিমাপ করার জন্য প্রতি র‍্যাকের ক্ষেত্রফল (বর্গফুট) বা ওয়াট (Watt) প্রতি বর্গফুট হিসাবে স্থান পরিকল্পনা করেন। এই পদ্ধতির সমস্যা হলো, এটি উচ্চ-ঘনত্বের র‍্যাকের বিন্যাস থেকে নির্গত শক্তির তীব্রতা হিসাব করতে ব্যর্থ হয়। বর্গফুট প্রতি ওয়াটের এক র‍্যাকের বিন্যাস (Rack Configuration) থেকে অন্যটির পার্থক্য সনাক্ত করতে ব্যর্থ হয়, যেখানে উল্লেখযোগ্য উত্তপ্ত এলাকা (Hot Spot) ক্রমান্বয়ে শীতাতপ নিয়ন্ত্রণের (Air Condition) প্রয়োজন হতে পারে। তাই র‍্যাকের বিন্যাসের ভিত্তিতে একটি ডাটা সেন্টার পরিকল্পনা করার পরামর্শ দেওয়া হয়। এই কৌশলে প্রতিটি র‍্যাকের বিন্যাস শীতাতপ নিয়ন্ত্রণের জন্য সরঞ্জাম এবং ক্রমবর্ধমান বিদ্যুতের (অর্থাৎ ৬০ শতাংশ) ব্যবহার আনুযায়ী মোট-ওয়াটেজের দৃষ্টিকোণ থেকে হিসাব করা হয়।

Example

Power per Rack	Watts
Server blade enclosure	50
Patch panel power	25
Wattage per server	43
x 10 servers per enclosure	430
Total wattage per enclosure	505
x five enclosures per rack	2,525
Add energy factor for HVAC power (60 percent)	1,515
Total Wattage per Rack	**4,040**

Goal:
Maintain an *average* of 4 kilowatts per rack over the raised floor

Total Space and Power Over Raised Floor (Base Case) — 200 Racks

Space	6,000 square feet (200 x 30 square feet)
Expansion space	6,000 square feet (double the rack footprint for growth capacity during a 10-year period)
Total space	12,000 square feet
Power	808,000 watts
Watts per SF	67 watts (Use a design envelope of between 50 watts and 100 watts per square foot.)

উপরের উদাহরণটিতে দেখা যায় যে মোট র‍্যাকের (Rack) সংখ্যা গণনা করে, মোট কিলোওয়াট এবং ব্যবহৃত স্থান হিসাব করা যায়। উপরের উদাহরণে, ২০০ র‍্যাক বিন্যাস, প্রতি বিন্যাসে ১০টি সার্ভার, ফলে মোট ১২০০০ বর্গফুট স্থান প্রয়োজন হয় এবং ৮০৮ কিলোওয়াট বা ৬৭ ওয়াট প্রতি বর্গফুট মোট শক্তি (Power) প্রয়োজন হয় যা বর্গ ফুট প্রতি পরিকল্পিত ৫০ থেকে ১০০ ওয়াটের মধ্যে আছে। যদি গড় বিদ্যুৎ চাহিদা র‍্যাক প্রতি ৪ কিলোওয়াট অতিক্রম করে তবে বুঝা যায় যে র‍্যাকের সারিটি পুনঃবিন্যাস করা উচিত, অথবা সামগ্রিক ব্যয় সক্ষমতা বৃদ্ধি করার জন্য বিন্যাসে (Layout) অতিরিক্ত স্থান যুক্ত করা উচিত।

কর্ম পরিকল্পনাঃ ডাটা সেন্টারের মোট স্থান এবং বিদ্যুৎ চাহিদা হিসাব করার জন্য র‍্যাকের বিন্যাসকে পরিকল্পনার মৌলিক উপাদান হিসাবে ব্যবহার করা।

৫.২.৪. প্রাপ্যতা এবং ত্রুটি সহনশীলতা (Availability and Fault Tolerance)

Uptime ইনিস্টিটিউট চারটি ত্রুটি সহনশীলতা এবং প্রাপ্যতার উপর ভিত্তি করে ডাটা সেন্টারের চারটি স্তর (Tier) এ ভাগ করেছে। প্রথম স্তর (Tier I) হল সর্বনিম্ন স্তর, এবং চতুর্থ স্তর (Tier IV) হল সর্বোচ্চ, যাতে একাধিক পথে বিদ্যুৎ বিতরণ, উৎপাদন এবং ইউপিএস যন্ত্রাদি সংযুক্ত থাকে। প্রথম স্তর (Tier I) ২৮.৮ ঘন্টা পর্যন্ত বার্ষিক ব্যর্থতা (Outage) নির্দেশ করে; দ্বিতীয় স্তর (Tier II) ২২ ঘন্টা নির্দেশ করে; তৃতীয় স্তর (Tier III) ১.৬ ঘন্টা এবং চতুর্থ স্তর (Tier IV) শুধুমাত্র ০.৪-ঘন্টা বার্ষিক ব্যর্থতা বা ৯৯.৯৯৫% প্রাপ্যতা নির্দেশ করে। একটি ডাটা সেন্টারের স্তর (Tier), এর নকশার বিবরণীকে (Specification) প্রভাবিত করে। স্তরের (Tier) মান যত বেশী, নির্মাণ ও পরিবেশগত সরঞ্জাম তৈরির জন্য বিনিয়োগও তত বেশী। স্তরের ত্রুটি সহনশীলতা ডাটা সেন্টার পরিচালনার জটিলতা নির্ধারণ করে। Uptime ইনিস্টিটিউট সতর্ক করেছে যে, নকশার বিবরণী দিয়ে প্রাপ্যতার স্তরীকরণ নিশ্চিত করা যায় না। অধিকাংশ পরিষেবার ব্যাঘাত ঘটে মানুষের সৃষ্ট ত্রুটির কারণে। সুতরাং, নিয়োগ, দক্ষতার বিকাশ, প্রশিক্ষণ এবং একটি ইতিবাচক কর্ম পরিবেশের দিকে মনোযোগের মাধ্যমে ত্রুটিহীনতা, উচ্চ-প্রাপ্যতা (High Availability) নিশ্চিত করা সম্ভব।

কর্ম পরিকল্পনাঃ নকশার বিবরণী অনুযায়ী ত্রুটি সহনশীলতা নির্ণয় করতে হবে।

৬. বাহ্যিক অবকাঠামো (Physical Infrastructure)

৬.১. অবস্থান (Site)

একটি ডাটা সেন্টারের অবস্থান ব্যাপকভাবে এর নিরাপত্তা, কর্মদক্ষতা এবং পরিচালনার ব্যয়কে প্রভাবিত করে। স্থাপনা নির্বাচনের মানদন্ডের একটি তালিকা নিম্নে সুপারিশ করা হলো:

- আবাসিক বা অন্যান্য শব্দ সংবেদনশীল এলাকার কাছাকাছি না হওয়া;
- পার্কিং, পানি সঞ্চয়স্থান, জ্বালানী সঞ্চয়স্থান, ট্রান্সফরমার বা সাবস্টেশন বা জেনারেটর বসানোর জায়গা থাকতে হবে;
- সরঞ্জাম সরবরাহের জন্য ট্রাক প্রবেশের ব্যবস্থা থাকতে হবে;
- ডাটা সেন্টারের স্থাপনা থেকে সরঞ্জামাদি সহজে পরিবহনের সুযোগ সুবিধা;
- কম্পন এবং ঝুঁকি উৎস (যেমন বিমানবন্দর এবং রেল লাইন) থেকে দূরে অবস্থিত হতে হবে;
- হাসপাতাল, পুলিশ ফাঁড়ি, রাজনৈতিক স্থাপনা ইত্যাদি সংকটপূর্ণ এলাকা পরিহার করতে হবে;
- একাধিক বিদ্যুৎ সরবরাহ গ্রিড বা বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের থেকে সহজে বিদ্যুৎ সংযোগ পাওয়া যায় এমন এলাকা হবে;
- বন্যাপ্রবণ সমভূমি এবং টর্নেডো এবং হারিকেন-প্রবণ এলাকার বাইরে অবস্থিত হতে হবে; এবং
- স্থানীয় কর্তৃপক্ষ বিল্ডিং ব্যবহার করার এখতিয়ার রাখে।

৬.২. স্থাপত্য (Architecture)

ভবনের ধরণ উল্লেখযোগ্যভাবে দখলিস্বত্তের খরচ, নিরাপত্তা, সম্প্রসারন এবং কর্মক্ষমতার নমনীয়তা প্রভাবিত করতে পারে। স্থাপত্যের নিম্নবর্ণিত মানদন্ড সুপারিশ করা হল:

- বৃহৎ কলামের দূরত্ব (৩০ ফুট X ৫০ ফুট উত্তম);
- কাঠামোগত মেঝে (Slab) থেকে সর্বনিম্ন কাঠামোগত অংশের উচ্চতা ন্যূনতম ১৩ ফুট;
- কার্যকরী মেঝে ফলক (আয়তাকার, বর্গাকার বা পার্শ্ব কোর অগ্রাধিকারযোগ্য);
- ন্যূনতম কপাট সুবিধা; শক্তপোক্ত ও অগ্নিরোধী হতে হবে;
- ভাল ছাদ – আকাশপ্রদীপ (Skylight) ছাড়া ছাদ;
- সরঞ্জাম পরিবহনের জন্য পন্য উঠানামা করার স্থান এবং ইউপিএসের ব্যাটারী ও অন্যান্য ভারি দ্রব্যাদি পরিবহণের জন্য ট্রলির ব্যবস্থা;
- ফর্কলিফটের দ্বারা পণ্য ডাটা সেন্টারের অভ্যন্তরে পণ্য পরিবহণের জন্য প্রয়োজনীয় ঢালু সিড়ির ব্যবস্থা;
- কঠিন আবর্জনা অপসারণের ব্যবস্থা;
- একক স্থান দিয়ে প্রবেশ এবং ভবনের আশেপাশে যথেষ্ট নিরাপত্তার ব্যবস্থা;
- জরুরি নির্গমণ ব্যবস্থা;
- শুধুমাত্র একাধিক তলার জন্য: প্রাথমিক / জরুরী বিদ্যুৎ বিতরণ, বিভিন্ন তারের ঢোকার এবং অন্যান্য উল্লম্ব পরিষেবাগুলির জন্য ভবনে পর্যাপ্ত এবং একাধিক উত্থানোপযোগীতা (Riser) নিশ্চিত করা আবশ্যক (অধিক তথ্যের জন্য পরিশিষ্ট দ্রষ্টব্য);
- ছাদে বজ্রপাত নিঃসরণের জন্য বজ্র নিরোধক দন্ডের (Lightening Rod) ব্যবস্থা;
- ছাদের উপর যান্ত্রিক সরঞ্জাম স্থাপনের জন্য শাব্দিক এবং নান্দনিক ঢাকনার (Screening) ব্যবস্থা; এবং
- ৫০০০ থেকে ২০০০০ বর্গ ফুট ব্যবহারযোগ্য স্থান হলে ভাল হয়।

৬.৩. ভবনের গুরুত্বপূর্ণ ব্যবস্থাসমুহ (Critical Building System)

বৈদ্যুতিক শক্তি, স্থান বরাদ্দকরণ এবং যান্ত্রিক প্রক্রিয়াগুলির সর্বোত্তম ব্যবহারের নিমিত্তে একটি সমন্বিত পদ্ধতি হিসাবে ডাটা সেন্টারটি নকশা এবং বাস্তবায়ন করতে হবে। পাঁচটি গুরুত্বপূর্ণ ভবন নির্মাণ প্রক্রিয়া একটি ডাটা সেন্টারে সুবিস্তৃত প্রকৌশল থাকা প্রয়োজন:

- বিদ্যুৎ উৎস (Power source) – বিদ্যুতের জন্য সাবস্টেশন, ইউ.পি.এস, বিকল্প ডিজেলের জেনারেটর, বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা (PDU) এবং মধ্যবর্তী বিতরণ ব্যবস্থাসহ বিদ্যুৎ বিতরণ;
- তাপ, বায়ু চলাচল এবং এয়ার কন্ডিশনার (HVAC) পদ্ধতি - এটি ছাদে স্থাপিত সুবিস্তৃত ব্যবস্থা যা স্থানীয়ভাবে বায়ু শীতলীকরণ করে। উত্থিত মেঝের নিচ দিয়ে বায়ু সঞ্চালন সমানভাবে বায়ু বিতরণের একটি কার্যকর উপায় হতে পারে। সমসাময়িক ডাটা সেন্টারে সম্ভবত প্রধান সমস্যা আধুনিক সার্ভার এবং তথ্য সংরক্ষক যন্ত্রাংশের তীব্র তাপ উৎপাদনের বিপরীতে পর্যাপ্ত শীতলতা এবং বায়ু চলাচল বজায় রাখা;
- অগ্নি সুরক্ষা ব্যবস্থা (Fire protection systems) - সংবেদনশীল এলাকা যেমন ডিস্ক স্টোরেজ এলাকার জন্য শুষ্ক ও সিক্ত অগ্নি নির্বাপক পদ্ধতিগুলির আন্তঃসংযোগ থাকা উচিত;
- নিরাপত্তা ব্যবস্থা (Security systems) - স্থানীয় এবং কেন্দ্রীয় প্রহরার ব্যবস্থা এবং অ্যাক্সেস কন্ট্রোল সিস্টেম দ্বারা এর ব্যবহার সীমিত হবে; এবং
- উত্থিত মেঝের ব্যবস্থা (Raised floor systems) এবং বায়ু সঞ্চালনের জন্য ছিদ্রযুক্ত উত্থিত মেঝের (Perforated Raised Floor) ব্যবস্থা।

নিচের ছবিতে ভবনের গুরুত্বপূর্ণ ব্যবস্থাসমুহ দেখানো হলঃ



৬.৪. বিদ্যুৎ বিতরণ (Power Distribution)

ডাটা সেন্টারের নির্ভরযোগ্যতা এবং কর্মদক্ষতার জন্য বিদ্যুৎ উৎপাদন এবং বন্টন ব্যবস্থা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্যাচ ফলক (patch panels) এবং বৈদ্যুতিক তারের আবরক নলের (conduits) মতো প্রধান বৈদ্যুতিক উপাদানগুলোতে অধিক সক্ষমতা দেয়া এবং বৈদ্যুতিক চাহিদার ভবিষ্যৎ বৃদ্ধির সাথে তাল মেলানোর জন্য উচ্চমানের বৈদ্যুতিক তারের ব্যবহার করা অপরিহার্য। ডাটা সেন্টারের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নির্মাণের জন্য নিম্নবর্ণিত অনুশীলনসমুহ সুপারিশ করা হল:

- সামগ্রিক বিদ্যুৎ চাহিদার মূল্যয়ন (অর্থ্যাৎ, র‍্যাক প্রতি ব্যবহারের পরিমাপ);

- পরিষেবাগুলিতে একাধিক বৈদ্যুতিক সংযোগ নিশ্চিত করা;
- রক্ষণাবেক্ষণের জন্য বাইপাস এবং জরুরি সংযোগ বিচ্ছিন্নকরণ (Shutdown) সুবিধা;
- সরঞ্জামগুলোর একক বা তিন ফেজে বিদ্যুতের প্রয়োজন নিরুপন করা;
- গ্রাউন্ডিং এবং বন্ডিংয়ের (grounding and bonding) জন্য প্রাসঙ্গিক বাংলাদেশী বা আন্তর্জাতিক মানদণ্ড মেনে চলা এবং মেস (Mesh) সংযোগ আকারে গ্রাউন্ডিং করা;
- ভবিষ্যতে সম্প্রসারণ জন্য উচ্চমানের তারের ব্যবহার;
- উচ্চ কম্পাংকের প্রতিবন্ধকতা (high-frequency impedance) কমানোর জন্য একটি প্রাসঙ্গিক সাংকেতিক গরাদ (SRG) সরবরাহ করা উচিত;
- বর্তনী বিচ্ছিন্নকারক (circuit breakers) এবং সরঞ্জাম সংযোগ সংহত করার জন্য বিদ্যুৎ বিতরণ যন্ত্র (PDUs) ব্যবহার করা;
- স্থির বৈদ্যুতিক নিঃসরণ (electrostatic discharge) কমানোর জন্য আপেক্ষিক আর্দ্রতা মাত্রা বজায় রাখা;
- তড়িৎ চৌম্বকীয় হস্তক্ষেপ (EMI) কমানোর জন্য সচেতন হতে হবে; প্রয়োজনে এ থেকে রক্ষা পাওয়ার উপায় বের করা;
- বিদ্যুৎ সর্তকরণ (power-conditioning) সরঞ্জাম ব্যবহার করা বা অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ যেমন, UPS ব্যবস্থায় তা একীভুত করা; এবং
- ভোল্টেজের হঠাৎ বৃদ্ধি প্রতিরোধ (TVSS) ব্যবস্থা ব্যবহার করা।
- ট্যাপ অফ বাক্সের সাহায্যে বাস বার ট্রাংকের মাধ্যমে প্রধান বিতরণ বোর্ডের (MDB) সঙ্গে র‍্যাকের বিদ্যুৎ বিতরণ ইউনিট (PDU) যুক্ত করা।

৬.৫. বিদ্যুৎ সরবরাহ (Power Supply)

ইউপিএস - এবং, অনেক ক্ষেত্রে, বিকল্প ডিজেল চালিত জেনারেটর - সর্বজনীন ব্যবহৃত বিদ্যুতের ব্যতয় ঘটলে বিদ্যুতের নিরবিচ্ছিন্ন প্রবাহ বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডাটা সেন্টারের বিদ্যুৎ সরবরাহ সম্পর্কিত নিম্নবর্ণিত অনুশীলনগুলি সুপারিশ করা হলো:

- **নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ (UPS):**
    - কমপক্ষে ২ ঘন্টা পর্যন্ত ১০০% বিদ্যুৎ চাহিদা পুরণের ক্ষমতা;
    - ডাটা সেন্টারের স্তর (Tier) অনুযায়ী লোড ব্যালান্সিং এর জন্য বিকল্প UPS এর ব্যবস্থা;
    - এছাড়াও সর্বোচ্চ (Peak) লোড বা ত্রুটিপূর্ণ ওভারলোড অবস্থার জন্য প্রয়োজনীয় আকার; এবং
    - সর্বদা বিদ্যুৎ ফিল্টারের নিয়ন্ত্রণ কার্যকর রাখা।
- **বিকল্প বিদ্যুৎ উৎপাদক (Backup Generator)**:
    - তৃতীয় স্তর (Tier III) এবং চতুর্থ স্তর (Tier IV) মানের ত্রুটি সহনশীলতা অর্জন করার জন্য প্রয়োজন;
    - ২ ঘন্টার বেশি সময় বিদ্যুৎ অনুপস্থিতিতে কাজ করতে সক্ষম;
    - জ্বালানি সংরক্ষণ এবং শব্দদূষণ হ্রাসে সংশ্লিষ্ট নীতিমালা বিবেচনা করা;
    - নিষ্কাশন এবং কম্পনের প্রভাব বিবেচনা করা;
    - ডিজেল জ্বালানি ক্রয়ের জন্য জ্বালানি পরিবেশকের সাথে চুক্তি করা এবং তা সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণের জন্য জ্বালানি ট্যাংকের ব্যবস্থা করা; এবং
    - জেনারেটরের নিয়মিত পরীক্ষার জন্য পরিকল্পনা করা।

ডাটা সেন্টারের জন্য ভবনের বিদ্যুৎ সরবরাহ উৎস একটি নিবেদিত LT প্যানেলে যুক্ত করা উচিত। LT প্যানেলটি অবশ্যই প্রয়োজনীয় সংযোগ এবং TPN Bus Bar এর সাথে প্রয়োজনীয় অন্তর্গামী MMSB অন্তর্ভুক্ত থাকা উচিত। ইউ.পি.এস,

শীতাতপ নিয়ন্ত্রণ, আলো এবং কাঁচামালের মতো বিভিন্ন লোডগুলির জন্য ভিন্ন নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকা উচিত। উপরের কাঠামোর ভিত্তিতে, তার এবং এর আকার প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে হবে।

৬.৬. শীতলীকরণ ব্যবস্থা (Cooling System)

আধুনিক উচ্চ-ঘনত্ব সার্ভার এবং তথ্য সংরক্ষক (Storage) প্রযুক্তিগুলির ক্রমবর্ধমান তাপ উৎপাদন ডাটা সেন্টার শীতলীকরণের জন্য একটি গুরুত্বপূর্ণ সমস্যা হয়ে দাড়িয়েছে। একটি HVAC পদ্ধতি নকশা করতে নিম্নের নির্দেশিকা অনুসরণ করা যেতে পারে:

- একটি সহনশীল তাপমাত্রা নিশ্চিত করা - ১৮ থেকে ২২ ডিগ্রি সেলসিয়াস;
- আপেক্ষিক আর্দ্রতা - ৪৫ শতাংশ থেকে ৫০ শতাংশ;
- নীচে থেকে উপর পর্যন্ত বায়ু প্রবাহ;
- কেন্দ্রীভূত পদ্ধতি এড়িয়ে চলা – বিস্তৃত ব্যবস্থা (Distributed Unit) নির্বাচন করা;
- শীতল পার্শ্ব / উত্তপ্ত পার্শ্ব র‍্যাক (Rack) বিন্যাস ব্যবহার করা;
- কক্ষচাপের উপরে ৫ শতাংশ স্থিতিচাপ বজায় রাখা;
- উত্থিত মেঝেতে (Raised floor) বায়ু নির্গমনের ছিদ্র এড়ানো;
- উষ্ণ ও শীতল বায়ুর মিশ্রণ পরিহারপুর্বক বায়ু সঞ্চালণের ব্যবস্থা করা;
- প্রয়োজনমত শীতলীকরণ স্থান ব্যবহার; এবং
- দরজা, অস্থায়ী মেঝে এবং এর আশেপাশের এলাকায় বাষ্প বাধা বজায় রাখা।

নিচের চিত্রে একটি শীতলীকরণ ব্যবস্থা দেখানো হলঃ



৬.৭. উত্থিত মেঝে (Raised Access Floor (RAF))

উত্থিত মেঝে বৈদ্যুতিক এবং সংকেতবাহী তারের ব্যবস্থাপনার জন্য সবচেয়ে কার্যকর এবং ব্যয়সাধ্য সমাধান প্রদান করে, পাশাপাশি ডাটা সেন্টার জুড়ে শীতল বাতাসের সর্বাধিক সরবরাহ নিশ্চিত করে। উত্থিত মেঝে একটি উচ্চতর Signal Reference Ground (SRG) সরবরাহ করে, যার মাধ্যমে উল্লেখ্য গ্রিড যান্ত্রিকভাবে মেঝের সাথে সংযুক্ত হয়। উত্থিত মেঝে আধুনিক কম্পিউটার সরঞ্জামগুলির জন্য ঠান্ডা বাতাসের সর্বোত্তম সরবরাহ করে যা সাধারণত নিচ-থেকে-উপরের দিকে বায়ু প্রবাহের জন্য ডিজাইন করা হয়। উপরন্তু, উত্থিত মেঝে বৈদ্যুতিক এবং সংকেত তার ব্যবস্থাপনার জন্য উপযুক্ত পরিবেশ প্রদান করে। RAF এর জন্য মেঝের টালি নির্বাচন করার সময় এটির প্রয়োজনীয় সর্বোচ্চ মেঝের ভারবহন ক্ষমতা নির্ণয় করা গুরুত্বপূর্ণ। নিম্নে উত্থিত মেঝের উচ্চতা সম্পর্কে সুপারিশ করা হলো:

- ৫০০০ বর্গ ফুট পর্যন্ত স্থাপনা ---১৮ ইঞ্চি RAF উচ্চতা; এবং

- ৫০০০ বর্গ ফুট বেশি স্থাপনা --- ২৪ ইঞ্চি RAF উচ্চতা।

৬.৮. অগ্নি সনাক্তকরণ ও নির্বাপন ব্যবস্থা (Fire Detection and Suppression)

একটি ডাটা সেন্টারে বৈদ্যুতিক কারণে সৃষ্ট আগুনের বিশাল ঝুঁকি থাকে, তাই আগুন সনাক্তকরণ এবং নির্বাপন ব্যবস্থা স্থাপন করা জীবন এবং সম্পত্তি সুরক্ষার জন্য গুরুত্বপুর্ণ, পাশাপাশি ডাটা সেন্টারের দ্রুত কর্মক্ষমতা পুনরুদ্ধার নিশ্চিত করার জন্য জরুরি।

অগ্নি সনাক্তকরণ যন্ত্রটি উত্থিত মেঝে, পাশাপাশি ডাটা সেন্টারের সমগ্র ভবন জুড়ে স্থাপন করা উচিত। সনাক্তকারক হিসাবে তাপ এবং ধোঁয়া উভয়ই সনাক্ত করতে পারে এমন যন্ত্র অন্তর্ভুক্ত করা এবং অগ্নি নির্বাপন ব্যবস্থা, স্থানীয় বিপদ ঘন্টা এবং স্থানীয় বা কেন্দ্রীয় পর্যবেক্ষণ কক্ষের সঙ্গে আন্তঃসংযোগ থাকা দরকার। সনাক্তকারকটি আসন্ন বৈদ্যুতিক আগুনের প্রাথমিক সনাক্তকরণ নিশ্চিত করতে বায়ু প্রবাহের পথ অনুযায়ী ডাটা সেন্টারের কক্ষের ছাদ ও উত্থিত মেঝের নিচে বসানো উচিত।

অগ্নি নির্বাপনের জন্য সাম্প্রতিক এবং প্রযুক্তিগতভাবে উন্নত মাধ্যম হলো ক্লিন এজেন্ট অগ্নি নির্বাপন ব্যবস্থা যা "শীতলীকারক নিমজ্জিত তরল (Immersion Cooling Fluid)" ব্যবহার করে, তাই ডাটা সেন্টারগুলিতে এগুলো ব্যবহার করার পরামর্শ দেওয়া হয়।

৬.৯. পানিজনিত ক্ষতি থেকে সুরক্ষা (Water Damage Protection)

ডাটা সেন্টারের পানিজনিত ক্ষতি শুধুমাত্র অগ্নি নির্বাপক জল থেকে নয়, বরং ভাঙ্গা পানির নল, অতিরিক্ত আদ্রতা থেকে জমা হওয়া পানি, বন্যা ও ভবনের ক্ষতির কারণেও ঘটে। তাই পানি ছিটানোর যন্ত্র (sprinkler) ব্যবহার এড়ানোই বাঞ্ছনীয়। জলজনিত ক্ষতি থেকে রক্ষাকারী যন্ত্র স্থাপন করা প্রয়োজন। এক্ষেত্রে মেঝেতে জোন ভিত্তিক আর্দ্রতা সেন্সর রাখা হয় যা কক্ষের আদ্রতা নিরীক্ষণ করে এবং যখন আদ্রতা দেখা গেলে একটি সতর্ক ঘন্টা বাজায়। নিরাপত্তা কর্মকর্তাদের সর্বদা অবগত রাখতে এবং ক্ষতি হলে প্রতিক্রিয়া সময় কমানোর জন্য নজরদারি ক্যামেরা ব্যবহার করা উচিত। সার্ভারের কেবিনেট (Cabinet) এবং কক্ষগুলোতে এই সূক্ষ্ম উপাদানসমুহকে এমনভাবে স্থাপন করার সুপারিশ করা হয় যে, অল্প পরিমাণে পানি জমা হলেও এগুলো যেন ক্ষতিগ্রস্ত না হয়।

৬.১০. নজরদারী ব্যবস্থা (Surveillance Systems)

আগুন এবং পানি থেকে সৃষ্ট হুমকি কেবলমাত্র নির্দিষ্ট সময় ধরে তথ্য প্রযুক্তি অবকাঠামোগুলিকে বিপুল ক্ষতি করার ক্ষমতা রাখে। তাই সর্বদা সার্ভারের কেবিনেটগুলি (Cabinet), কম্পিউটার কক্ষ এবং সম্পূর্ণ ভবনের উপর নজরদারি করা গুরুত্বপূর্ণ, যাতে ক্ষয়ক্ষতির হলে দ্রুত ব্যবস্থা নেয়া যায়। স্বয়ংক্রিয় আইপি (IP) ভিত্তিক অবলোহিত (Infrared) রশ্মিযুক্ত মুখায়বক চিহ্নিত করতে সক্ষম ক্যামেরার সাহায্যে নজরদারি পদ্ধতি ডাটা সেন্টারের জন্য সুপারিশ করা হয় যা এই ধরণের কাজের উপোযোগী; এটি জোন অনুযায়ী তাপমাত্রা, আর্দ্রতা, বিদ্যুৎ সরবরাহ, শিশির বিন্দু এবং ধোঁয়া বিকাশের মতো ডাটা সেন্টারের পরামিতিগুলিতে নজর রাখে এবং একই সময়ে স্বয়ংক্রিয়ভাবে প্রতিরোধের কাজ শুরু করতে পারে (যেমন তাপমাত্রার সীমার মান অতিক্রম করার সময় পাখার গতি বাড়ানো) বা সতর্ক বার্তা পাঠাতে পারে।

৬.১১. আলোকসজ্জা (Lighting)

- LED সিলিং লাইট স্থাপন করতে হবে যা মেঝে থেকে ৮৫ সে.মি. উপরে এবং এর দীপন ক্ষমতা হবে ৩০০ লাক্স (LUX);
- যথাযথ সংখ্যার লাইট ইউ.পি.এস (UPS) দ্বারা এবং বাকিগুলো LDB দ্বারা বিদ্যুৎ সরবরাহ করা হবে;
- আলোকসজ্জা ব্যবস্থা সাধারণ এবং জরুরি পদ্ধতি মিলে গঠিত। বিদ্যুৎ সরবরাহ যখন শক্তিশালী থাকে তখন সাধারণ আলোটি "চালু" থাকবে। কিছু জরুরি আলো বিকল্প ব্যাটারিসহ সরবরাহ করা উচিত;
- ডাটা সেন্টার এলাকায় স্বাভাবিক আলো এবং কয়েকটি জরুরী আলো সরবরাহ করা উচিত;
- আলোকসজ্জা স্থাপত্য, কার্যকরীতা এবং নান্দনিকতার প্রয়োজন অনুসারে নির্বাচন করা উচিত; এবং
- TIA -942 মানদণ্ড অনুসরণ করে সমস্ত আলোকসজ্জা স্থাপন করতে হবে।

৬.১২. বৈদ্যুতিক কাজের নির্দেশিকা (Electrical Work Guidelines)

৬.১২.১. **বৈদ্যুতিক তার (Electrical Cabling) -** বিদ্যমান এবং প্রস্তাবিত উপাদানের বৈদ্যুতিক প্রয়োজনীয়তার চেয়ে অধিক ক্ষমতার অগ্নি প্রতিরোধী তার ব্যবহার করা ভালো। ডাটা সেন্টার সম্প্রসারণের জন্য যথাযথ অবস্থানে অতিরিক্ত পাওয়ার পয়েন্ট স্থাপন করা প্রয়োজন।

৬.১২.২. **তারের গুচ্ছায়ণ (Bunching of Wires) -** তড়িৎবাহী বহির্মুখী ও ফিরতি তার যাতে একই আবরক নলে (conduit) টানা হয়, সেভাবে আবদ্ধ করা উচিত। দুটি ভিন্ন উৎসের থেকে উদ্ভুত তার একই আবরক নলের (conduit) মধ্যে চালানো উচিত নয়।

৬.১২.৩. **পরিবাহী সন্নিবেশন (Drawing of Conductors) - এলুমিনিয়াম বা তামার পরিবাহী তার** একই আবরক নলের (conduit) মধ্যে চালানোর সময় খেয়াল রাখতে হবে যাতে ঘষা না খায় বা কেটে না যায়, কারণ ভবিষ্যতে এতে তার ছিঁড়ে যেতে পারে।

৬.১২.৪. **সংযোগ (Joints) -** সমস্ত সংযুক্তি শুধুমাত্র প্রধান সুইচ, বন্টন বোর্ড, সকেট আউটলেট, আলোর আউটলেট এবং সুইচ বাক্সে তৈরি করতে হবে। কোনো তারের সংযুক্তি আবরক নল (conduit) এবং জংশন বাক্সের ভিতরে করা উচিত নয়। পরিবাহী তার আউটলেট থেকে আউটলেটে অবিচ্ছেদ্দ হওয়া প্রয়োজন।

৬.১২.৫. **প্রধান ও উপপ্রধান তার (Mains and Sub-Mains) -**প্রধান ও উপপ্রধান তার উচ্চ ক্ষমতাযুক্ত এবং অনুমোদিত হওয়া উচিত। প্রতিটি প্রধান এবং উপপ্রধান তার পর্যাপ্ত আকারের নিজস্ব আবরক নলের (conduit) মধ্য দিয়ে টানতে হবে। প্রধান ও উপপ্রধান তার সহজে টানার জন্য সুবিধামত স্থানে পর্যাপ্ত আকারের ড্র বাক্স সরবরাহ করতে হবে। ভূমি সংযোগের জন্য সঠিক রেটিং এর তার ব্যবহার করতে হবে। প্রধান ও উপপ্রধান তারের পাশ দিয়ে ভূমি সংযোগ তার টানতে হবে।

৬.১২.৬. **পরিবাহীর রঙের কোডিং (Color Code of the Conductors) -** পুরো তারের সংযোগে রঙের কোড বজায় রাখতে হবে; তিন ফেজের জন্য লাল, হলুদ, নীল এবং বন্ধ নিরপেক্ষ বর্তনীর জন্য কালো ও ভূমি সংযোগের জন্য সবুজ রঙ ব্যবহার বাঞ্চনীয়।

৬.১২.৭. **তারবাহী আবরক নলের স্থাপন (Fixing of the Conduits) –** তারবাহী আবরক নলের সংযোগ বাক্স অবশ্যই যথাস্থানে হবে এবং শক্ত করে আটকানো থাকবে। নল গুলো এমন ভাবে রাখতে হবে যাতে সহজেই তার লাগানো যায়। অনুমোদিত আকার-আকৃতির সংযোগ বাক্স পর্যাপ্ত পরিমানে থাকতে হবে। সকল তারবাহী আবরক নল বাষ্প ও গরম পানির নল থেকে দূরে স্থাপন করতে হবে। তারবাহী আবরক নল, সংযোগ বাক্স, বহির্মুখী বাক্স এবং স্যুইচ বাক্স বসানো শেষ হবার পর এর ঢাকনা ভালোভাবে বন্ধ করে দিতে হবে যাতে পানি, ধুলাবালি, পোকামাকড় বা অন্য বাইরের বস্তু প্রবেশ করতে না পারে। তারবাহী নল গুলো সুষ্ঠ ও সংগঠিত পদ্ধতিতে স্থাপন করতে হবে যাতে তা অন্যান্য পরিষেবার লাইন বা নলের প্রবাহে বিঘ্ন না ঘটায়।

৬.১২.৮. **সুরক্ষা (Protection) -** পরিবাহীর মধ্যে বাষ্প বা শিশির যাতে জমা না হয় তাই তারবাহী নলে বায়ূ চলাচলের ব্যবস্থা থাকতে হবে। সমস্ত সংযোগ অবশ্যই উপযুক্ত দ্রব্যাদি দ্বারা পানিরোধী করতে হবে।

৬.১২.৯. **সুইচ ও সংযোগ বাক্স (Switch-Outlet Boxes and Junction Boxes) -** সব বাক্স বাংলাদেশের চলতি মানদন্ড অনুযায়ী হবে। আচ্ছাদন ভাল মানের হতে হবে, যা যান্ত্রিকভাবে শক্তিশালী এবং অগ্নিরোধক। প্রয়োজন অনুসারে সুইচগুলির আচ্ছাদন ঠিক করার সুবিধা থাকতে হবে। ভূমি সংযোগের জন্য বাক্সের মধ্যে সংযোগ প্রদান করতে হবে।

৬.১২.১০. **পরিদর্শন বাক্স (Inspection Boxes) -** বাইরে ও ভিতরে মসৃন তলদেশযুক্ত মরিচারোধী বাক্সগুলো নিয়মিত পরিদর্শন এবং প্রয়োজনে তারের অপসারণ ও প্রতিস্থাপন সহজতর করে।

৬.১২.১১. **ভূমি সংযোগকারী তার (Earthing) -** ডাটা সেন্টার জন্য TIA -942 টেলিযোগাযোগ অবকাঠামো মানদন্ড দ্বারা সংজ্ঞায়িত এর সরঞ্জামগুলির মান যথাযথ স্থানাঙ্কের ভিত্তিতে, সাধারণত নেটওয়ার্ক গ্রাউন্ডিং বা ডাটা সেন্টারের গ্রাউন্ডিং অবকাঠামো হিসাবে তামার ফলক এবং ফালা দিয়ে ভূমির সাথে যুক্ত থাকা উচিত। একক স্থানে একত্রে সংযুক্ত সমস্ত ভূমি সংযোগ তারের রোধের যোগফল অবশ্যই ১ ওহম (Ohm) থেকেও কম থাকতে হবে।

৬.১৩. ইদুর এবং এর বিতারণ ব্যবস্থা (Rodent and Repellent System (RRS)) – শ্রবণাতীত শব্দের ইদুর বিতারণ ব্যবস্থা ডাটা সেন্টারে স্থাপন করা বাঞ্ছনীয়।

৬.১৪. পরিবেশ ও অবকাঠামো ব্যবস্থাপনা (Environment and Infrastructure Management Tools) - ডাটা সেন্টারের পরিবেশ ও অবকাঠামো ব্যবস্থাপনার জন্য সফটওয়ার সরঞ্জাম ব্যবহার করা উচিত।

৭. ডাটা সেন্টারের বিন্যাস (Data Center Layout)

ডাটা সেন্টারের নকশা প্রস্তুত করার সময় অবশ্যই লক্ষ্য রাখতে হবে যেন ডাটা সেন্টারের ভেতরে প্রচুর ফাঁকা জায়গা থাকে, যাতে ভবিষ্যতে চাহিদা অনুসারে পর্যাপ্ত সার্ভার স্থাপন করার জন্য নতুন রাক ও কেবিনেট স্থাপন করা যায়। এছাড়া ডাটা সেন্টারের আশেপাশে পর্যাপ্ত খালি জায়গা রাখতে হবে যাতে ভবিষ্যতে সহজেই ডাটা সেন্টারের সম্প্রসারণ করা সম্ভব হয়।

TIA -942 এর একটি বড় অংশ স্থাপনা সম্পর্কিত। এই মানদন্ড নির্দিষ্ট কার্যকরী এলাকার সুপারিশ করে যা মানসম্মত স্তরীভূত তারকা টোপোলজি (hierarchical star topology) নকশার উপর ভিত্তি করে সরঞ্জামের অবস্থান নির্ধারণ করতে সহায়তা করে। এই কার্যকরী এলাকা বিশিষ্ট একটি ডাটা সেন্টারের নকশা এর ভবিষ্যতের সম্প্রসারণে সহয়তা করে এবং এমন পরিবেশ তৈরি করে যেখানে অ্যাপ্লিকেশন এবং সার্ভারগুলোকে সহজে যুক্ত করা যায় এবং ন্যুনতম ডাউনটাইম এবং ব্যতয়্যের মধ্যে আপগ্রেড করতে সক্ষম। নিচের চিত্রে ডাটা সেন্টারের বিন্যাস দেখানো হল:



৭.১. কার্যকরী এলাকা (Functional Areas)

একটি ডাটা সেন্টারে নিম্নোক্ত কার্যকরী এলাকা থাকা আবশ্যকঃ

প্রবেশ কক্ষ (বাহ্যিক নেটওয়ার্ক ইন্টারফেস) **(Entrance Room (External Network Interface)):** এটি ডাটা সেন্টারে নেটওয়ার্কের প্রবেশ এলাকা যা বাইরের নেটওয়ার্কের (ইন্টারনেট প্রদানকারী) অভিগমণের জন্য বিবেচিত হয় এবং স্তরের (Tier) উপর নির্ভর করে একাধিকভাবে সংযুক্ত থাকতে পারে। ছোট নেটওয়ার্কের ক্ষেত্রে, বাহ্যিক নেটওয়ার্ক ইন্টারফেসটি সরাসরি অনুভূমিক বিতরণ এলাকার (স্থানীয় পরিবেশক) সাথে সংযুক্ত থাকে।

মূল বিতরন এলাকা (প্রধান পরিবেশক) **(Main Distribution Area (Main Distributor))**: এই এলাকাটি ডাটা সেন্টারের মূল অংশকে প্রতিনিধিত্ব করে, এই কারণে শুধুমাত্র এই অঞ্চলে অতিরিক্ত সংযোগ থাকে এবং এর উপাদানগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যাকবোনে সমস্ত তথ্যের পরিবহন এখানে নিয়ন্ত্রিত হয়, এই কারণে নেটওয়ার্কটির এই অংশটি মূল বিন্যাস (Core Layer) হিসাবে পরিচিত। যাইহোক, সমষ্টি স্তর (বা বিতরণ স্তর), যার বন্টন স্যুইচের সমষ্টি এবং অন্তস্থলের প্রবেশ বিন্যাস যা তথ্য পরিবহন করে, এ স্থানে অবস্থিত।

অনুভূমিক বিতরণ এলাকা (স্থানীয় পরিবেশক) **(Horizontal Distribution Area (Zone Distributor)):** ব্যাকবোন এবং অনুভূমিক ক্যাবলের মধ্যে এই "ইন্টারফেস" এ, অ্যাক্সেসের ডাটা ট্র্যাফিক টার্মিনাল ডিভাইসগুলোর সাথে ডাটা আদানপ্রদান নিয়ন্ত্রণ করে। নেটওয়ার্কের এই এলাকাটি অভিগমন স্তর (Access Layer) হিসাবে পরিচিত।

আঞ্চলিক বিতরন এলাকা (স্থানীয় বিতরণ পয়েন্ট) **(Zone Distribution Area (Local Distribution Point)):** এটি সরঞ্জাম বিতরণ এলাকায় "মধ্যবর্তী বন্টন" করে, যা স্থানীয়ভাবে ব্যবহৃত হয় এবং উত্থিত মেঝেতে রাখা হয়।

দুরালাপনী কক্ষঃ এখানে অভ্যন্তরীণ নেটওয়ার্কের সংযোগ অবস্থিত থাকে।

পরিচালনা কক্ষ, সহায়ক কক্ষ এবং আপিস হল ডাটা সেন্টারে নিযুক্ত কর্মীদের কক্ষ।

৭.২. কক্ষের ধারণা (Room Concept)

ডাটা সেন্টারের বিন্যাস অনুযায়ী বিভিন্ন কক্ষের ধারণা গড়ে উঠেছে। প্রথাগত **কক্ষের মাঝে কক্ষ (Room in Room)** ধারণার সাথে আলাদা প্রযুক্তি ও তথ্য প্রযুক্তি নিরাপত্তা কক্ষ থাকে যেখানে উত্থিত মেঝের উপর যেকোনো সংখ্যক ও ধরণের সার্ভার র‍্যাক এবং নেটওয়ার্ক বাক্স, প্রয়োজনে ঝুলন্ত ছাদ, প্রত্যক্ষ ও পরোক্ষ অগ্নি সুরক্ষা ব্যবস্থা এবং শীতলীকরণ সুবিধা থাকতে পারে।

৮. তথ্য প্রযুক্তি অবকাঠামো (Information Technology (IT) Infrastructure)

৮.১. ক্যাবলিং ব্যবস্থা (Cabling System)

ডাটা সেন্টারে তথ্য প্রযুক্তি সংক্রান্ত অ্যাপ্লিকেশনগুলোকে সর্বদা ব্যবহারোপযোগী রাখার জন্য যোগাযোগে সক্ষম ক্যাবলিং ব্যবস্থা অপরিহার্য। একটি উচ্চ-কর্মক্ষমতা সম্পন্ন ক্যাবলিং সিস্টেম ছাড়া, সার্ভার, সুইচ, রাউটার, স্টোরেজ ডিভাইস এবং অন্যান্য সরঞ্জাম একে অপরের সাথে যোগাযোগ এবং তথ্য বিনিময়, প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণ করতে পারবে না। ডাটা সেন্টারগুলির জন্য ক্যাবলিং এর আধুনিক শর্তাদি নিম্নরূপ:

- উচ্চ চ্যানেল ঘণত্ব (High channel densities);
- উচ্চগতির ট্রান্সমিশন (High transmission speeds);
- বাধা/বিঘ্নহীন হার্ডওয্যার পরিবর্তন (Interruption-free hardware changes);
- বায়ুচলাচল ব্যবস্থা (Ventilation aspects); এবং
- প্রয়োজনীয় সমর্থন (Support)।

সাবধানতা, দূরদর্শী পরিকল্পনা এবং সুগঠিত ক্যাবলিং ব্যবস্থা তাই ডাটা সেন্টারের পরিচালনাকারীদের দায়িত্বগুলোর মধ্যে উল্যেখযোগ্য। ডাটা সেন্টারের ক্যাবলিং ব্যবস্থা পরিকল্পনা করার সময় নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা দরকার:

- কোরে অতিরিক্ত (Redundancy) ক্যাবলিং অনাবশ্যক;
- ভবন মধ্যে অতিরিক্ত লিঙ্ক;
- কোরের ব্যান্ডউইথ বৃদ্ধি;
- প্রান্ত বিন্দুতে ব্যান্ডউইথ বৃদ্ধি;
- ভয়েস ওভার আইপি (VoIP) সম্প্রসারণের জন্য QoS নিয়ন্ত্রণ;
- LAN এবং WAN এ ভিডিও স্ট্রিমিং এবং ভিডিও বিতরণের জন্য সম্পূর্ণ সমর্থন;
- VLAN এর মধ্যেকার যোগাযোগে কঠোর নীতিমালা; এবং
- ডাটা সেন্টার থেকে DR সাইটে তথ্য প্রতিলিপি (Replication) করার ব্যবস্থা।

নির্দেশনা (Guideline) - বাণিজ্যিক ভবনে টেলিযোগাযোগ ক্যাবলিং মানদণ্ড অনুযায়ী TIA -568-B.1, TIA -568-B.2, TIA -568-B.3, TIA-569-B, TIA -606-B, বাণিজ্যিক ভবনগুলোর টেলিযোগাযোগ অবকাঠামোর জন্য প্রশাসনিক মান TIA-606-A, টেলিযোগাযোগের জন্য বাণিজ্যিক ভবনের গ্রাউন্ডিং এবং বন্ডিং শর্ত TIA -607 মান অনুযায়ী ডাটা সেন্টারের জন্য কাঠামোগত ক্যাবলিং সিস্টেম (SCS) বিবেচনা করা উচিত।

৮.২. নেটওয়ার্ক (Network)

একটি ডাটা সেন্টারের নেটওয়ার্ক প্রতিষ্ঠার জন্য কোনো আদর্শ নির্দেশিকা নেই। তবে ক্লাউড কম্পিউটিং, ওয়েব ভিত্তিক অ্যাপ্লিকেশন এবং নিরাপত্তা দিক সাম্প্রতিক প্রবণতা বিবেচনা করে, একটি পৃথক নেটওয়ার্ক মডেলের সুপারিশ করা হয়। নীচের চিত্রে প্রস্তাবিত তিন-স্তর বিশিষ্ট নেটওয়ার্ক মডেল দেখায়:



উপরের মডেলের প্রতিটি স্তর পৃথক ফায়ারওয়ালের মাধ্যমে আলাদা করা হয়। কম নির্ভরযোগ্য স্তরে উত্থাপিত যোগাযোগগুলি শুধুমাত্র পরবর্তী নিচের স্তরে প্রবেশ করতে পারে (প্রথম স্তর সবচেয়ে কম নির্ভরযোগ্য এবং তৃতীয় স্তরটি সবচেয়ে নির্ভরযোগ্য)। স্তরগুলোর মধ্যে বিচ্ছিন্নতা এবং ফায়ারওয়াল সীমাবদ্ধতার সমন্বয়ে নিম্ন স্তরে নির্ভরযোগ্যতার ক্রমবর্ধমান স্তর অনুযায়ী একই সময় একটি মাত্র স্তরের সাথে যোগাযোগের অনুমতি দেয়া হয়। মডেলের প্রতিটি স্তর নির্দিষ্ট কিছু কাজ সম্পন্ন করে, যেমন সার্ভারের লোড ভারসাম্য, স্থিতিস্থাপকতা এবং মূল উপাদানগুলির উচ্চতর প্রাপ্যতা।

৮.২.১. নেটওয়ার্ক পৃথকীকরণ (Network Segregation)

ওয়েব, অ্যাপ্লিকেশন এবং ডাটা জোন ৩ টি পৃথক স্তরের মধ্যে হোস্ট করা উচিত। এই নকশাটি ফায়ারওয়াল / রাউটিং যন্ত্রের দ্বারা স্তরটির মধ্যে এবং বাইরে নিয়ন্ত্রণ বজায় রাখে এবং কোনো সার্ভার একে অপরের সাথে যোগাযোগ করতে পারে তা নির্ধারন করে।

- **প্রথম স্তর – অনির্ভরযোগ্য স্তর (Tier 1 – Untrusted layer)**
  প্রথম স্তর (Tier 1) বাইরের বিশ্বের (সাধারণ জনসাধারণের) কাছে ওয়েব পরিষেবা সরবরাহ করতে ব্যবহৃত হয়। প্রথম স্তর (Tier 1) একটি বাহ্যিক ফায়ারওয়ালের মাধ্যমে ফিল্টার করা হয় এবং অন্যান্য স্তরে পরবর্তী ট্র্যাফিক একটি অভ্যন্তরীণ ফায়ারওয়ালের মাধ্যমে পাঠানো হয়। সুরক্ষা বাড়ানোর জন্য প্রথম স্তরকে (Tier 1) বিভিন্ন অঞ্চলে ভাগ করা হয় (উদাহরণ: ওয়েব পরিষেবাসমূহ এবং ইন্টারনেটের মাধ্যমে প্রদত্ত ওয়েব পরিষেবাদিতে প্রবেশের পরিষেবা)।
- **দ্বিতীয় স্তর – অল্পনির্ভরযোগ্যযোগ্য স্তর (Tier 2 – Semi-trusted layer)**
  দ্বিতীয় স্তর (Tier 2) উপস্থাপনা (Presentation) সার্ভারগুলোর ডাটার জন্য অনুরোধগুলি পর্যালোচনা করে এবং ডাটাবেস সার্ভার থেকে এই ডাটাটি পুনরুদ্ধার করে। এই স্তর সেই ডাটায় বিভিন্ন প্রক্রিয়াকরণ ফাংশন প্রয়োগ করে এবং ফলাফলগুলিকে প্রথম স্তরের (Tier 1) ডিভাইসে পাঠায়। প্রথম স্তরে সমস্ত প্রক্রিয়াকরণের অনুরোধ (Processing Request) দ্বিতীয় স্তরে (Tier 2) পৌঁছানোর আগে একটি অভ্যন্তরীণ ফায়ারওয়ালের মধ্য দিয়ে যাবে। দ্বিতীয় স্তরে (Tier 2) সার্ভার হোস্ট করার জন্য বিভিন্ন অঞ্চলে পৃথক করা যায়।
- **তৃতীয় স্তর – নির্ভরযোগ্য স্তর (Tier 3 – Trusted layer)**

তৃতীয় স্তর (Tier 3) অ্যাপ্লিকেশন ডাটা সংরক্ষণ করে। এই স্তর নেটওয়ার্কের সবচেয়ে নিরাপদ এবং যৌক্তিকভাবে (Logically) বিচ্ছিন্ন এলাকা যেখানে তথ্য সংরক্ষণকারী ডাটাবেস সার্ভার হোস্ট করা হয়। এই স্তরের ডাটা দিত্বীয় স্তরের উপর অনির্ভরশীল। দ্বিতীয় স্তর (Tier 2) থেকে তৃতীয় স্তর (Tier 3)এর অনুরোধগুলি পৌঁছানোর আগে অভ্যন্তরীণ ফায়ারওয়ালের মধ্য দিয়ে যেতে হবে। তৃতীয় স্তর (Tier 3) অভ্যন্তরীণ এবং বাইরের সার্ভারকে হোস্ট করার জন্য একাধিক অঞ্চলে পৃথক করা যেতে পারে। (উদাহরণ: ডাটাবেস সার্ভার যেগুলো অন্যান্য সংস্থার অনুরোধ গ্রহণ করে এবং যেগুলো শুধুমাত্র অভ্যন্তরীণ ল্যান থেকে অনুরোধ গ্রহণ করে)।

৮.২.২. নির্দেশিকা প্রণয়নের নীতিমালা (Guiding principles)

- **নিরাপত্তা (Security) –** ডাটা সেন্টার নেটওয়ার্ক স্থাপত্যে (architecture) তথ্য গোপনীয়তা (Confidentiality), সত্যতা (authenticity) এবং বিশুদ্ধতা (integrity) নিশ্চিত করা উচিত। তথ্য বিনিময় নির্ভরযোগ্য হওয়া উচিত যা প্রতিষ্ঠিত নিরাপত্তা নীতির সাথে সঙ্গতিপূর্ণ, যেখানে তথ্যের অননুমোদিত অধিকরণ (Access), পরিষেবা অস্বীকার এবং ইচ্ছাকৃত / আকস্মিক পরিবর্তনের বিরুদ্ধে সুরক্ষা বিদ্যমান।
- **প্রাপ্যতা (Availability) –** উচ্চ প্রাপ্যতার জন্য নেটওয়ার্ক উপাদানগুলি নির্ভরযোগ্য হওয়া উচিত এবং এতে পরিষেবা স্তরে চুক্তির (SLA) সুস্পষ্ট উল্লেখ থাকে কিন্তু নেটওয়ার্কের স্থাপত্যে (Architecture) অতিরিক্ত উপাদান থাকে যাতে কোনো ব্যর্থতার একক বিন্দু (Single Point of Failure) না থাকে।
- **কার্যক্ষমতা ও সম্প্রসারণযোগ্যতা (Performance and Scalability) -** নেটওয়ার্ক ব্যবস্থায় গ্রহণযোগ্য প্রতিক্রিয়া করার সময় থাকা উচিত এবং অবকাঠামোটিতে অতিরিক্ত ব্যান্ডউইথ এবং নিকট ভবিষ্যতে নতুন ব্যবহারকারীর সেবা দেবার জন্য নেটওয়ার্কটি সম্প্রসারণযোগ্য হওয়া উচিত।
- **নমনীয়তা (Flexibility) –** নেটওয়ার্ক ব্যবস্থার উপাদানগুলি পরিকল্পিত খরচের মধ্যে পরিবহন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনযোগ্য হবে।

৮.৩. সার্ভার (Servers)

